

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
সোনারগাঁ, নারায়ণগঞ্জ  
sonargaon.narayanganj.gov.bd

স্মারক নংঃ- ০৫.৪১.৬৭০৪.০০২.০৪.০২৯.২৩-২৮২

তারিখঃ ২২ মে ২০২৩

বিষয় : স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সোনারগাঁ উপজেলার প্রকল্প প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

প্রকল্প : বিদেশগামী মানুষকে আইসিটি, আউটসোর্সিং, ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধিকরণ।

বাস্তবায়নে : ১) মোঃ রেজওয়ান-উল-ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

২) ফাতেমা-তুজ-জান্নাত, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সোনারগাঁ উপজেলা

সমস্যার বিবরণ : সোনারগাঁ উপজেলায় অদক্ষ শ্রমিক বিদেশ যাওয়ার প্রবণতা বেশি, এতে বৈদেশিক মুদ্রা অর্জন ব্যহত হচ্ছে। বিদেশ গিয়ে উপজেলার অনেকেই প্রতারিত হচ্ছে এবং দেশের অর্থ অপচয় হচ্ছে।

সমাধানের বিবরণ : আইসিটি এবং বিভিন্ন ফ্রিল্যান্সিং, আউটসোর্সিং এর কোর্সসমূহ উপজেলা আইসিটি বিভাগ এবং যুব উন্নয়ন অফিসের মাধ্যমে সম্পন্ন করে দক্ষ জনবল বিদেশ পাঠিয়ে অদক্ষ জনবল প্রেরণের হার দ্রুত হ্রাস করা যায়, এতে বৈদেশিক আয় বৃদ্ধি হবে। অনেক টাকা খরচ করে বিদেশ গিয়ে ফেরত আসলে দেশের অর্থ অপচয় হয়। দক্ষতা নিয়ে বিদেশ গমন করলে, ফেরত আসার সম্ভাবনা হ্রাস পাবে। এতে দেশের অর্থ অপচয়ও হ্রাস পাবে।

প্রত্যাশিত ফলাফল বা প্রভাব :

- ১। আইসিটি, ফ্রিল্যান্সিং, আউটসোর্সিং কাজে দক্ষ জনবলের সংখ্যা বৃদ্ধি পাবে।
- ২। দক্ষ জনবল বিদেশ যাবে।
- ৩। অদক্ষ হয়ে বিদেশ যাওয়ার প্রবণতা হ্রাস পাবে।
- ৪। দেশের অর্থ অপচয় হ্রাস পাবে এবং বৈদেশিক আয় বৃদ্ধি পাবে।

অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্টতা :

- ১। যুব উন্নয়ন অধিদপ্তর।
- ২। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়

টাইমলাইন : ০২ বছর।

সম্ভাব্য বাজেট : ১৫ লক্ষ।

এমতাবস্থায়, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সোনারগাঁ উপজেলার সম্ভাব্য প্রকল্প মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

জেলা প্রশাসক  
নারায়ণগঞ্জ।

(মোঃ রেজওয়ান-উল-ইসলাম)  
উপজেলা নির্বাহী অফিসার  
সোনারগাঁ, নারায়ণগঞ্জ  
০২৭৬৫৬২২১

দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, নারায়ণগঞ্জ।